

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ:

পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিয়োজিত সরকারের সর্ববৃহৎ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মূল লক্ষ্য হচ্ছে মানব সংগঠনভিত্তিক উন্নত পল্লী গঠন। পল্লীর জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে বিআরডিবি পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক মূল কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন কর্মসূচি ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। বিআরডিবি'র চলমান কর্মপ্রয়াসের অংশ হিসেবে গত তিন বছরে ৫০টি মানব সংগঠন সৃষ্টির মাধ্যমে পল্লীর জনগণকে উন্নয়নের জন্য সংগঠিত করা হয়েছে। তার মধ্যে ২১৪৭ জন সুফলভোগীকে ঋণ প্রদান করা ১৭.৩৮ লক্ষ টাকা উপকারভোগীদের নিজস্ব মূলধন গঠন করা এবং ৯০০ জন সুফলভোগীকে বিভিন্ন উৎপাদনমুখী ও আয়বর্ধনমূলক কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া মূলধন সহায়তা হিসেবে ৪০০.২২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা এবং আদায়যোগ্য ঋণ হতে ৩৩৪.৮৭ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। চলমান প্রকল্পের আওতায় ৩০টি ক্ষুদ্র অবকাঠামো নির্মাণ করা হয়েছে। বর্তমানে এসকল কার্যক্রম বাস্তবায়নে মূলকর্মসূচির পাশাপাশি মোট ০৭টি বার্ষিক কর্মসূচিভুক্ত প্রকল্প চলমান রয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

অপর্যাপ্ত ঋণ তহবিল, সেবা মূল্যের উচ্চ হার, ব্যবস্থাপনার যথাযথ অনুশীলন নিশ্চিতনা করা, অপ্রতুল প্রশিক্ষণ তহবিল, সম্প্রসারণমূলক সকল কার্যক্রমের বাস্তবায়ন না করা, অতিমাত্রায় ক্ষুদ্র ঋণ নির্ভরতা, চলমান কার্যক্রম আইসিটি'র মাধ্যমে পরিচালিত না হওয়া, সমিতির সদস্য পর্যায়ে তথ্য ভান্ডার না থাকা, মাঠ পর্যায়ে নিয়মিত (বেতনভুক্ত) জনবল না থাকা, সেবামূলক সংস্থা হয়েও আয় থেকে ব্যয়ের ভিত্তিতে বেতন পরিশোধ, আধুনিক ও প্রযুক্তি নির্ভর মনিটরিং ব্যবস্থা না থাকা, পারফরমেন্স অডিটের অভাব এবং তৃণমূল পর্যায়ে সামগ্রিক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়িত না হওয়া পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে অন্যতম প্রধান চ্যালেঞ্জ।

উল্লেখিত সমস্যা ও চ্যালেঞ্জসমূহের অনুরূপ ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

আগামী ৩ অর্থবছরে ০৬ টি সমিতি/দল গঠন, ১৮.৯০ লক্ষ টাকা মূলধন গঠন, ৯০০ জন উপকারভোগীদের আয়বর্ধনমূলক ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান, ৪৫০.০০ লক্ষ টাকা উপকারভোগীদের ঋণ বিতরণের মাধ্যমে ১৮৬০ জন উপকারভোগীদের কর্মসংস্থান সৃষ্ণের মাধ্যমে স্বাবলম্বী করার কার্যক্রম গ্রহণ হচ্ছে। এছাড়া পর্যাপ্ত ঋণ তহবিল এর ব্যবস্থা করা, সেবামূল্যে নিয়ম হারে নামিয়ে আনা, পর্যাপ্ত প্রশিক্ষণ তহবিল তৈরী করা, সম্প্রসারণমূলক সকল কার্যক্রমে বাস্তবায়ন করা, অতিমাত্রায় ক্ষুদ্র ঋণ নির্ভরতা কমিয়ে আনা, চলমান কার্যক্রম আইসিটি'র মাধ্যমে পরিচালিত হওয়া, আধুনিক ও প্রযুক্তি নির্ভর মনিটরিং ব্যবস্থা চালু করা, তৃণমূল পর্যায়ে সামগ্রিক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়িত হওয়া, পারফরমেন্স অডিটের মাধ্যমে কার্যক্রম সঠিকভাবে পরিচালিত করা, অর্থনৈতিক কর্মকাণ্ডে প্রশিক্ষণের মাধ্যমে নারীর শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিত করা এবং ক্ষুদ্র ও অবকাঠামো উন্নয়ন বৃদ্ধি, শিক্ষা/অপ্রাতিষ্ঠানিক শিক্ষা প্রদান, বার্ষিক প্রতিবেদন/একনজরে ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।

২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- মুজিব বর্ষ উপলক্ষে উপকারভোগীদের মাঝে ১২৫ গাছের চারা বিতরণ;
- ০২ টি পল্লী মানব সংগঠন সৃষ্টি;
- ০১টি প্রাথমিক সমবায় সমিতি সক্রিয়করণ ;
- ৩০০ জন উপকারভোগী সদস্যকে প্রশিক্ষণ প্রদান;
- পুঁজি গঠন ৬.৩০ লক্ষ টাকা;
- উপকারভোগীদের মাঝে ঋণ বিতরণ ১৫০.০০ লক্ষ টাকা এবং আদায়যোগ্য ঋণের ১১০.০০লক্ষ টাকা আদায় করা হবে।